



বাংলাদেশ কম্পিউটার সোসাইটি  
BANGLADESH COMPUTER SOCIETY  
ELECTION COMMISSION - 2023


০৯ ডিসেম্বর ২০২৩ খ্রীঃ

নির্বাচন আচরণবিধি

বিসিএস নির্বাচন-২০২৩ এর কোন প্রার্থী, প্রার্থীর নির্বাচনী এজেন্ট ও প্রার্থীর সমর্থকগণ নিম্নলিখিত আচরণবিধি মেনে চলতে বাধ্য থাকবেন। ইতোমধ্যে প্রচারিত বিসিএস নির্বাচন-২০২৩ এর তফসিলে বর্ণিত আচরণবিধি সমূহও একই সাথে বলবত থাকবে।

- (ক) প্রার্থী বা প্রার্থীর নির্বাচনী এজেন্ট বা প্রার্থীর সমর্থকগণ অন্য কোন প্রার্থীর বিরুদ্ধে কোন অপবাদ/মিথ্যা/কুৎসা প্রচার করতে পারবেন না। অন্য প্রার্থী সম্পর্কে বিরূপ কোন মন্তব্য করবেন না। প্রার্থী কেবলমাত্র নিজের সম্পর্কে প্রচার করবেন;
- (খ) প্রার্থী বা প্রার্থীর নির্বাচনী এজেন্ট বা প্রার্থীর সমর্থকগণ ওয়েবপেজে, ফেসবুকে, ইমেইলে, মেসেনজারে, টেক্সট মেসেজ, ভয়েস মেসেজ, এর মাধ্যমে সাম্প্রদায়িকতা, বিদ্বেষ, সহিংসতা বা অপপ্রচার চালাতে পারবেন না। উল্লিখিত ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করে নিজের সম্পর্কে প্রচারণা চালাতে পারবেন। ফোন/মোবাইল কল করে নিজের সমর্থনে প্রচারণা চালাতে পারবেন;
- (গ) ভোটের দিন ভোট কেন্দ্রে বা ভোট কেন্দ্রের আশে-পাশে মাইকের ব্যবহার বা যান্ত্রিক শব্দ ব্যবহার করে প্রচারণা চালানো যাবে না;
- (ঘ) ভোটের দিন প্রার্থীদের অবস্থানের জন্য ভোট কেন্দ্রের পাশে (৬ তলায়) হল কক্ষের ব্যবস্থা করা হবে। উক্ত হল কক্ষে অবস্থান কালে যান্ত্রিক শব্দ ব্যবহার না করে প্রচারণা চালানো যাবে। নির্বাচনী কেন্দ্রের ভিতর হল কক্ষে একজন/একাধিক প্রার্থী একসাথে একটি ব্যানার টানাতে পারবেন এবং ব্যানারের সাইজ অনধিক ৬ ফিট বাই ৮ ফিট;
- (ঙ) যে ভবনে ভোট কেন্দ্র অবস্থিত সে ভবনের নিচে একসাথে ৩ জনের অধিক লোকের জটলা করা যাবে না;
- (চ) যে ভবনে ভোট কেন্দ্র থাকবে তার নিচ তলায় পোষ্টার বা ব্যানার টানানো যাবে না;
- (ছ) ছোট সাইজের লিফলেট বিতরণ করা যাবে এবং তা ব্যবহার করে প্রচারণা চালানো যাবে;
- (জ) উপরোক্ত আচরণ বিধি লংঘন করলে নির্বাচন কমিশন প্রার্থীর বিরুদ্ধে প্রার্থীতা বাতিলসহ অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

নির্বাচন কমিশন সকলের সহযোগিতা কামনা করছে।

  
মোঃ দেলোয়ার হোসেন  
সদস্য নম্বর এফ০০১১২  
প্রধান নির্বাচন কমিশনার